



জীবন বীমা কর্পোরেশন

(একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান)

প্রধান কার্যালয়, ঢাকা।

স্মারক নং ৫৩.১৯.৯০০১.০০২.০০.০০১.১৮. ১৫০৬

তারিখঃ ২১-০৭-২০১৯খ্রি:

অফিস আদেশ

জীবন বীমা কর্পোরেশনের ৪৬তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে আগামী ২৭-০৭-২০১৯খ্রি: শনিবার অফিসার্স ক্লাব বেইলি রোড, ঢাকায় একটি অনুষ্ঠান আয়োজন করা হয়েছে। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথির আসন অলংকৃত করবেন জনাব নুরুজ্জামান আহমেদ এম.পি, মাননীয় মন্ত্রী সমাজ কল্যাণ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার। এছাড়া, উক্ত অনুষ্ঠানে পরিচালক পর্ষদের চেয়ারম্যান মহোদয়, পরিচালক পর্ষদের পরিচালক মহোদয়গণ, কর্পোরেশনের প্রাক্তন চেয়ারম্যান ও ম্যানেজিং ডাইরেক্টর মহোদয়গণ, বীমা খাতে গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং সাধারণ জনগণ অংশ নিবেন। উক্ত অনুষ্ঠান সাফল্যমন্ডিত করার লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো :

১। আগামী ২৭-০৭-২০১৯খ্রি: তারিখ শনিবার সকাল ১০.৩০ মিনিটে অনুষ্ঠান শুরু হওয়ার ০১ (এক) ঘণ্টা পূর্বেই ঢাকাস্থ সকল অফিসে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণ অনুষ্ঠান স্থলে আসন গ্রহণ করবেন।

২। কর্পোরেশনের সকল রিজিওনাল অফিস ও কর্পোরেট সেবা দপ্তরের ইনচার্জগণ যথাসময়ে অনুষ্ঠানে উপস্থিত থাকবেন।

৩। ঢাকাস্থ সকল শাখা অফিসের ইনচার্জগণকে অনুষ্ঠানে যথাসময়ে উপস্থিত রাখার বিষয়টি জেনারেল ম্যানেজার, ঢাকা রিজিওনাল অফিস নিশ্চিত করবেন।

৪। কর্পোরেশনে নতুন নিয়োগপ্রাপ্ত জুনিয়র অফিসারগণকে যথারীতি অনুষ্ঠানে উপস্থিত রাখার বিষয়টি সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/রিজিওনাল ইনচার্জ/ইনচার্জ-কর্পোরেট সেবা দপ্তর/ সেলস ইনচার্জ নিশ্চিত করবেন।

৫। আগামী ২৭-০৭-২০১৯খ্রি: তারিখ শনিবার কর্মকর্তা/ কর্মচারীগণকে অনুষ্ঠানে যথাসময়ে উপস্থিত করা এবং অনুষ্ঠান শেষে বাড়ী পৌঁছিয়ে দেয়ার লক্ষ্যে প্রধান কার্যালয়ের যানবাহন বিভাগ পুলের গাড়ি ও ঢাকাস্থ সকল রুটের ভাড়া করা গাড়ি যথারীতি চালু রাখবে। নির্ধারিত স্থান হতে গাড়ী ছাড়ার সময়সূচি ম্যানেজার-যানবাহন সংশ্লিষ্ট কমিটির নিকট থেকে যেনে নিবেন।

এ আদেশ কর্পোরেশনের স্বার্থে জারি করা হলো।

(ডা. মো: আমিনুল ইসলাম)

ম্যানেজিং ডাইরেক্টর (চলতি দায়িত্ব)

বিতরণ:

১. জেনারেল ম্যানেজার (সকল)
২. রিজিওনাল ইনচার্জ (সকল)-~~৫~~ অধিনস্থ অফিসসমূহে কর্মরত নতুন জুনিয়র অফিসারদের অনুষ্ঠানে
৩. ইনচার্জ, কর্পোরেট সেবা দপ্তর (সকল) উপস্থিতির নিশ্চিত করার অনুরোধক্রমে
৪. ম্যানেজার-যানবাহন
৫. প্রধান কার্যালয়ের শাখা প্রধান (সকল)
৬. পি.এস টু ম্যানেজিং ডাইরেক্টর (ম্যানেজিং ডাইরেক্টরের মহোদয়ের সদয় অবগতির জন্য।)
৭. পি.এস টু চেয়ারম্যান (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।)
৮. ইনচার্জ, সংশ্লিষ্ট সেলস অফিস।